# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রথম পর্বঃ সকালের যিকর-ওযীফা - ৮. সালাতই সর্বশ্রেষ্ঠ যিকর - (ঙ) দুই সাজদার মধ্যবর্তী বৈঠকের যিকর

দুই সাজদার মাঝে পরিপূর্ণ স্থির হয়ে অন্তত কয়েক মুহূর্ত বসা ওয়াজিব। পরিপর্ণূ সোজা হয়ে বসার পূর্বেই দ্বিতীয় সাজদায় চলে গেলে সালাত নষ্ট হয়ে যাবে। এই সময়ে রাসূলুল্লাহ (সা.) বিভিন্ন দু'আ করতেন বলে বর্ণিত হয়েছে।

যিকর নং ৫৭ : দুই সাজদার মাঝে বৈঠকের যিকর-১

رب اغفر لي رب اغفر لي

উচ্চারণঃ রাব্বিগ-ফিরলী, রাব্বিগ-ফিরলী।

অর্থ: "হে আমার প্রভু আমাকে ক্ষমা করুন, হে আমার প্রভু, আমাকে ক্ষমা করুন।"

হুযাইফা (রাঃ) বলেন, "নবীজী (সা.) দুই সাজদার মাঝে বসে এই কথা বলতেন।"[1]

যিকর নং ৫৮ : দুই সাজদার মাঝে বৈঠকের যিকর-২

رب اغفر لي وارحمني واجبرني واهدني وارزقني – وارفعني

উচ্চারণ: রাব্বিগ- ফিরলী, ওয়ার'হামনী, ওয়াজবুরনী, ওয়াহদিনী, ওয়ারযুকনী [ওয়ার ফাঅ্নী]।

অর্থ: "হে আমার প্রভু, আপনি আমাকে ক্ষমা করুন, রহমত করুন, আমাকে পূর্ণতা দান করুন, আমাকে সঠিক পথে পরিচালিত করুন, আমাকে রিযিক দান করুন [এবং আমাকে সুউচ্চ করুন]।"

ইবনু আব্বাস (রাঃ) বলেন, "রাসূলুল্লাহ (সা.) দুই সাজাদার মাঝে বসে এই দু'আ বলতেন।"[2]

## ফুটনোট

[1] হাদিসটি সহীহ। সুনানি ইবনি মাজাহ ১/২৮৯, নং ৮৯৭, সহীহ সুনানু ইবনি মাজাহ ১/২৭০, নং ৭৪০/৯০৬।

[2] হাদিসটি গ্রহণযোগ্য বলে গণ্য। সুনানুত তিরমিযী ২/৭৬, নং ২৮৪, সুনানু ইবনি মাজাহ ১/২৯০, নং ৮৯৮, সহীহ সুনানু ইবনি মাজাহ ১/২৭০, জামিউল উসূল ৪/২০৩, যাকারিয়া, আল-ইখবার, পৃ. ৪৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন